যুগান্তর

23 JUN 2016 ... 2 ... কলাম 8

# ঢাবির ভর্তি পরীক্ষা ২৩ সেপ্টেম্বর শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

২৩ সেপ্টেম্বর থেকে শুরু হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষা। বুধবার বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে ডিনস কমিটির এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। তবে এটি সম্ভাব্য তারিখ বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের পরিচালক ড. নূর-ই-ইসলাম।

সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৩ সেপ্টেম্বর থেকে ২৮ অক্টোবর পর্যন্ত বিভিন্ন ধাপে ভর্তি পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হবে। বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা হবে ২১ অক্টোবর শুক্রবার, কলা অনুষদভুক্ত 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা হবে ২৩ সেপ্টেম্বর শুক্রবার, ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা হবে ৩০ সেপ্টেম্বর শুক্রবার, সামাজিকবিজ্ঞান অনুষদভুক্ত সম্মিলিত 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা হবে ২৮ অক্টোবর এবং চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষা হবে ২৪ সেপ্টেম্বর শনিবার।